
## আমাদের অবস্থান




**ডিএসসি ক্লিনিক**

31 Kelantan Lane #01-16 S(200031)

### বাস সার্ভিস

23, 64, 65, 66, 67, 130, 139, 147, 857

### নিকটবর্তী এমআরটি স্টেশন

Bugis (EWL / DTL)
Rochor (DTL)
Farrer Park (NEL)
Lavender (EWL)

এচআইভি/এওসটিআই এর রেকর্ড করা তথ্য

62952944

এচআইভি/এসটিআই হটলাইন

1800- 2521324 (অফিস চলাকালীন)

## আমাদের সাথে ওযাপ্যেণত্মেণত করুন

আমাদের অ্যাপয়েন্টমেন্ট সেন্টারে কল করুন

6293 9648

বা অ্যাপয়েন্টমেন্ট সেন্টারে ইমেল করুন

apptdsc@nsc.com.sg

ক্লিনিক সম্পর্কিত আরো তথ্য পাওয়া যাবে WWW.DSC-CLINIC.SG
অথবা আমাদের ফেসবুক পেজ দেখুন WWW.FACEBOOK.COM/DSCSG

SY-B-1 Printed - November 2016

# সিফিলিস
# SYPHILIS

NATIONAL SKIN CENTRE

ডিএসসি ক্লিনিক

## সিফিলিস কি?

সিফিলিস হল ব্যাকটেরিয়া জনিত যৌনবাহিত সংক্রমণ।

## সিফিলিস কিভাবে সংক্রামিত হয়?

- আক্রান্ত ব্যক্তির সঙ্গে (ওরাল সেক্স সহ) যৌন কার্যকলাপ।
- মায়ের থেকে শিশুর।
- দূষিত রক্ত বা রক্তজাত পণ্যের সাথে রক্ত পরিবহন।
- দূষিত নিড্‌ল স্টিকের আঘাত এবং একটি সংক্রামিত ব্যক্তির সঙ্গে নিডলের আদান প্রদান।

## লক্ষণ ও উপসর্গগুলো কি কি?

বেশির ভাগ সিফিলিস সংক্রমণের সুস্পষ্ট লক্ষণ বা উপসর্গ থাকে না।
লক্ষণ ও সিফিলিসের উপসর্গে সংক্রমণের পর্যায় অনুযায়ী তারতম্য দেখা যায়।

| প্রাথমিক | সেকেন্ডারি | সুপ্ত | টারশিয়ারি |
|---|---|---|---|
| যৌনাঙ্গ উপর যন্ত্রণাহীন ঘা | • করতল ও পদতলে ফুসকুড়ি<br>• ফোলা ঘাড় ও বগলে গন্ড<br>• যৌনাঙ্গ এবং মলদ্বারের উপর ক্রমবিকাশ<br>• এক খন্ড চুল উঠে যাওয়া<br>• মস্তিষ্কের সংক্রমণ | কোন উপসর্গ থাকে না কিন্তু অভ্যন্তরীণ অঙ্গ রোগ দ্বারা নিয়মিত ভাবে আক্রান্ত হতে পারে। | অঙ্গে স্থায়ী ক্ষতি (উদাঃ মস্তিষ্ক, স্নায়ু, হৃদয়, এবং ত্বক) |

সহজাত
যখন একটি শিশু সিফিলিসে আক্রান্ত মায়ের থেকে জন্মগ্রহণ করে তখন দেখা দেয়।
লক্ষণ ও উপসর্গের মধ্যে অন্তর্ভুক্ত:

- হাড়ে বিকৃতি
- অন্ধত্ব
- বধিরতা
- বিকৃত মুখ ও দাঁত
- চামড়ায় লাল লাল ফুসকুড়ি
- শিশু মৃত্যু

## কখন লক্ষণ ও উপসর্গ দেখা যায়?

| সংক্রামক সিফিলিস | | | অ-সংক্রামক সিফিলিস | |
|---|---|---|---|---|
| প্রাথমিক | সেকেন্ডারি | প্রাথমিক ভাবে সুপ্ত | যেটা সুপ্ত সেটা দেরিতে দেখা দেয় | টারশিয়ারি |
| সংক্রমণের পর 9-90 দিন | সংক্রমণ পরে কয়েক সপ্তাহ থেকে 6 মাস (কখনও কখনও 2 বছর পর্যন্ত) | সংক্রমণের পর ঈ 1 বছর | সংক্রমণের পর ঈ 1 বছর | সংক্রমণের 5-30 বছর পর |

*যে কোন পর্যায়ের সিফিলিসে আক্রান্ত একজন গর্ভবতী মহিলার কাছ থেকে একজন অজাত শিশু সংক্রামিত হতে পারে।

## কাদের পরীক্ষা করা উচিত?

যদি আপনার সন্দেহ হয় যে আপনার সংক্রমণ হতে পারে অথবা যদি আপনার সঙ্গী (রা) সিফিলিস পরীক্ষা পজিটিভ হয় তবে আপনি ডাক্তারের পরামর্শ নিতে পারেন।
সিফিলিস স্ক্রীনিং আপনার নিয়মিত যৌন স্বাস্থ্য পরীক্ষার অংশ হওয়া উচিত আপনার কোন লক্ষণ থাকুক বা না থাকুক।

## সিফিলিস কিভাবে নির্ণয় করা হয় ?

- সিফিলিস রক্তপরীক্ষা, সাধারণত কমপক্ষে 2টি বিভিন্ন ধরণের রক্ত পরীক্ষার দ্বারা নির্ণয় করা হয়।
- আলসার / ঘা থেকে বেরনো তরলও পরীক্ষা করা যেতে পারে।
- যৌন মিলনের পর, রক্ত পরীক্ষা ইতিবাচক হয়ে সামনে আসতে 3 মাস পর্যন্ত সময় লাগতে পারে (এইচআইভি পরীক্ষার অনুরূপ)।
- কারো যদি সিফিলিস ধরা তবে এইচআইভি এর জন্য পরীক্ষা করা উচিত।

## কিভাবে সিফিলিসের চিকিৎসা করা যায়?

হ্যাঁ, সিফিলিসের চিকিৎসা এবং নিরাময় করা যায়।

- পেনিসিলিন ইনজেকশন
- বিকল্প অ্যান্টিবায়োটিক সেসব রোগীদের দেওয়া হয় যাদের পেনিসিলিনে অ্যালার্জি আছে।

## সিফিলিস কি অন্যান্য সমস্যার কারণ হতে পারে?

চিকিৎসা না করা সিফিলিস মস্তিষ্ক, হৃদয় এবং শরীরের অন্যান্য অঙ্গের ক্ষতির কারণ হতে পারে।

## গর্ভাবস্থায় সিফিলিস

- গর্ভবতী নারীর তাদের *অনাগত সন্তানের মধ্যে সংক্রমণ প্রেরণ করতে পারেন, যার ফলে শিশুর মধ্যে অস্বাভাবিকতা দেখা দিতে পারে।
- গর্ভবতী নারীকে প্রসব পর্যন্ত মাসিক ফলো আপ রক্ত পরীক্ষা এবং সিফিলিস সঙ্গে নিয়মিত ফলো-আপ দেওয়া হয়।
- শিশুদের 6 মাস বয়সে পরীক্ষা করা হবে তাদের সিফিলিস আছে না এটা নিশ্চিত করার জন্য।

## আমার কি ফলো আপ ভিজিট জন্য আবার যাওয়া দরকার?

ফলো-আপ রক্তপরীক্ষা 3 মাস, 6 মাস, 12 মাস, 18 মাস এবং 24 মাসে সম্পন্ন হয় সংক্রমণের চিকিৎসা পর্যাপ্ত রূপে করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য।

## গুরুত্বপূর্ণ নোটঃ

- পূর্ববর্তী সংক্রমণ দ্বারা প্রদত্ত কোন স্থায়ী সুরক্ষা না হওয়ার কারণে পুনরায় সংক্রমণ ঘটতে পারে।
- যদি অতীতে আপনার সিফিলিস জন্য চিকিৎসা করা হয় তবে মনে করে আপনার ডাক্তারকে জানান; আরোগ্যের পরও সিফিলিস রক্তপরীক্ষা সারা জীবনের জন্য ইতিবাচক হতে পারে ('সার্জিক্যাল দাগ')।
- যেকোনো ড্রাগ অ্যালার্জির কথা আপনার ডাক্তারকে জানান।
- আপনার চিকিৎসা সম্পন্ন না হওয়া পর্যন্ত সহবাস থেকে বিরত থাকুন।
- রক্তদান করবেন না।
- নিশ্চিত করুন যে আপনার যৌন সঙ্গী (রা) যেন চেক-আপের জন্য আসে যাতে তাদের মধ্যে সংক্রণের সম্ভাবনা দেখা দিলে দ্রুত চিকিৎসা করা যায়।

নিরাপদ যৌন সংসর্গ অভ্যাস করুন

- কনডোম ব্যবহার করে শরীর রসের আদান প্রদান ছাড়া যৌনমিলন (যোনি নিঃসরণ বা বীর্য)।
- সঠিক ভাবে এবং প্রত্যেক বার যৌনমিলনের সময় কনডোম ব্যবহার করুন।
- যৌনমিলনের আগে বা যৌনতার সময় অত্যধিক মদ্যপান করবেন না, কারণ এটা আপনার চিন্তাশক্তির ক্ষতি সাধন করতে পারে।

## ডিসক্লেমার

বর্তমান চিকিৎসা প্রমাণ এবং মতামতের উপর ভিত্তি করে আমরা এই রোগী তথ্য লিফলেটে সম্পূর্ণ, সঠিক এবং সাম্প্রতিক তথ্য দেওয়ার চেষ্টা করেছি। যাইহোক, তথ্য ও পরামর্শ বিভিন্ন সূত্র এবং সাথে সাথে পরিবর্তিত হতে পারে। যদি আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে আপনার ডাক্তার বা স্বাস্থ্যপরিষেবা প্রদানকারীদের কাছে যান।